

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৩৭২

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০

১২ মার্চ ২০২৪

বিষয়: চট্টগ্রামে কুতুবদিয়া/বহির্নোঙারে আমদানিকৃত গমবাহী MV. HG MELBOURNE জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম এর ঠিকাদারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে মোট ১৭০০০ মে.টন ঢালা গম পরিবহণের অনুমোদন

সূত্র: Seven Seas Shipping Lines ১২-০৩-২০২৪ খ্রি এর SSSL049HGM0124 নং স্মারকের আবেদন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. HG MELBOURNE জাহাজ হতে গম খালাসের লক্ষ্যে PMC ৮ জন ঠিকাদারের তালিকাভুক্ত কোষ্টারসমূহ কুতুবদিয়া/চট্টগ্রাম বহির্নোঙার হতে নারায়ণগঞ্জ সাইলোতে গম বোঝাই ও পরিবহণ করার জন্য প্রস্তুত রয়েছে এবং প্রস্তাবিত জাহাজসমূহে গম পরিবহণের অনুমোদনের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। চট্টগ্রাম রুটে কর্মরত MoU তে অংশ গ্রহণকারী ০৮ জন ঠিকাদারের উল্লিখিত জাহাজসমূহের অবস্থান জাহাজী ট্রাকিং যাচাইপূর্বক মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারদের নিম্নোক্ত ১০টি লাইটারের মাধ্যমে মোট ১৭০০০ মে.টন ঢালা গমের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	লাইটার জাহাজের নাম	পরিমাণ (মে.টন)	মন্তব্য
১.	গ্লোবাল মার্কেন্টাইল শিপিং এন্ড ট্রেডিং	এম.ভি ইরা-৮	২০৫০	
২.	মেসার্স ফয়সাল নেভিগেশন	এম.ভি ফয়সাল-১২	১২৫০	
৩.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এম.ভি এনএইচ-১	২১০০	
৪.	মীম শরৎ কনস্ট্রাকশন	এম.ভি হাবিব এন্ড অলি-৬	২১৫০	
৫.	মেসার্স ইরা কর্পোরেশন	এম.ভি এস এ বাশার	১৯০০	
৬.	মেসার্স ফারুক রাদার্স শিপিং লাইন্স	এম.ভি এ আর-১	১৭৫০	
৭.	মেসার্স কাজী সাহিদুর রহমান	এম.ভি ফয়সাল-১১	১২৫০	
৮.	এম.ভি শাহজালাল নেভিগেশন লিঃ- মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এম.ভি বাবা শাহ পরান (র)	২১৫০	

৯.	মেসার্স ফয়সাল নেভিগেশন	এম.ভি ফয়সাল-১০	১২০০	
১০.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এম.ভি সমতা এস টি এ ৩	১২০০	
		মোট =	১৭০০০	

এমতাবস্থায়, Seven Seas Shipping Lines ১২-০৩-২০২৪ খ্রি. এর SSSL049HGM0124 নং মারকে প্রস্তাবমতে ও ১২-০৩-২০২৪ খ্রি. স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. HG MELBOURNE জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহির্নোঙ্গার হতে মোট ১৭০০০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো। উল্লেখ্য প্রাপক কেন্দ্রে খালাস শেষ না হওয়া পর্যন্ত সরবরাহকারী ও মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারসহ সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।

নির্দেশনাসমূহ:

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশে মাদারভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না।

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হয়ে গ্রহণ করতে হবে।

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

(ঘ) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ গম পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে স্বত্ত্বাত অবহিত করবেন;

২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা যাচাই এর জন্য সার্টিফিকেট, বেক্রিসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট এর মূল/সত্যায়িত কপি এবং চলাচল ও জাহাজ লোডিং সংক্রান্ত যাবতীয় বিষয়াবলি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোরাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোরাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোরাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহির্নোঙ্গারের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৫। এই সূচির মেয়াদ (১০ দিনের বেশী নয়) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত

যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১২-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভুঁইয়া
উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩০

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৩৭২/১(৯)

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ঢাকা
- ৫) সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর বি(খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ
- ৮) Seven Seas Shipping Lines, As-Salam Tower (2nd Floor) 57,
Agrabad C/A, Chattogram.

১২-৩-২০২৪

মোঃ নাজমুল হক ভুঁইয়া
উপপরিচালক